Total No. of Printed Pages—5

**4 SEM TDC BNL MIL (A) 1**

**2 0 1 8**

( May )

# BENGALI

## ( Modern Indian Language )

**Course : 401**

**( Arts )**

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*৮০ মূল্যাঙ্কের ক, খ, গ এবং ঘ বিভাগ নিয়মিত পরীক্ষার্থীদের জন্য*

*পূর্ণমান* : 80

*উত্তীর্ণমান* : 32/24

*১০০ মূল্যাঙ্কের ক, খ, গ, ঘ এবং ঙ বিভাগ অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য*

*পূর্ণমান* : 100

*উত্তীর্ণমান* : 40/30

### ক—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ৩০ )

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) 'শ্রীকান্ত' উপন্যাসটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(খ) সিপাহিরা চোর বলে কাকে ধরেছিল?

(গ) 'শ্রীকান্ত' উপন্যাসটি প্রথমে কি নামে পরিচিত ছিল ?

(ঘ) মেজদার প্রকৃত নাম কী ?

(ঙ) "মড়ার কি জাত থাকে রে ?" মন্তব্যটি কার ?

(চ) ইন্দ্রনাথের দিদি কে ছিল ?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) ইন্দ্রনাথ চরিত্রটি বিশ্লেষণ করে শ্রীকান্তের উপর তার প্রভাব সম্পর্কে আলোচনা কর।

(খ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসে রাজলক্ষ্মী চরিত্রটির মধ্যে যে জটিলতা ও অন্তর্দ্বন্দ্ব লক্ষ্য করা যায় তা বিশ্লেষণ করে দেখাও।

(গ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) গ্রন্থটিকে ভ্রমণ কাহিনি, আত্মজীবনী বা উপন্যাস—এদের মধ্যে কোন্ শ্রেণির অন্তর্ভুক্ত করা যায় তা যুক্তিসহ আলোচনা কর।

৩। সংক্ষেপে উত্তর দাও/বর্ণনা কর (যে-কোন একটি) : ৪

(ক) "আমি নাস্তিকই হই, ম্লেচ্ছই হই, ভূত মানি নে"—এই কথা কে, কাকে উদ্দেশ্য করে এবং কোথায় বলেছে ?

(খ) শ্রীকান্তের মৎস্য অভিযান

(গ) শাহজী চরিত্র

(ঘ) মেজদার তত্ত্বাবধানে শ্রীকান্ত ও তার দুই ভ্রাতার সন্ধ্যাকালের বিদ্যাভ্যাস সম্পর্কে আলোচনা কর।





## খ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ৩০ )

৪। এক কথায় উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) 'বিবিধ প্রবন্ধ' গ্রন্থটির প্রথম ভাগ কবে প্রকাশিত হয় ?

(খ) 'গীতিকাব্য' প্রবন্ধটি 'বঙ্গদর্শন' পত্রিকায় প্রথম কি শিরোনামে প্রকাশিত হয় ?

(গ) 'ব্রজাঙ্গনা' কাব্যটি কার লেখা ?

(ঘ) 'কুমারসম্ভব' ও 'Paradise Lost' কোন্ শ্রেণির কাব্য ?

(ঙ) 'ধর্ম ও সাহিত্য' প্রবন্ধটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

৫। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) "... কেবল কৌশলের কথা ধরিতে গেলে মিল্টন অপেক্ষা কালিদাসকে অধিক প্রশংসা করিতে হয়। 'Paradise Lost' পাঠে শ্রম বোধ হয়; 'কুমারসম্ভব' আদ্যোপান্ত পুনঃ পুনঃ পাঠ করিয়াও পরিতৃপ্তি জন্মে না।" লেখকের এই যুক্তির অনুকরণে তোমার নিজস্ব অভিমত ব্যক্ত কর।

(খ) 'প্রকৃত ও অতি প্রকৃত' প্রবন্ধটির বিষয়বস্তু তোমার নিজের ভাষায় লেখ।

(গ) "ভারতীয় ও পাশ্চাত্য আলংকারিকেরা কাব্যকে নানা শ্রেণীতে বিভক্ত করিয়াছেন। তাহার মধ্যে অনেকগুলি বিভাগ অনর্থক বলিয়া বোধ হয়। তাঁহাদিগের কথিত তিনটি শ্রেণি গ্রহণ করিলেই যথেষ্ট হয়।" এই তিনটি শ্রেণি কী কী? লেখকের অনুসরণে প্রত্যেকটির সম্পর্কে আলোচনা কর।

৬। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন একটি) : ৪

(ক) "শকুন্তলা অর্দ্ধেক মিরন্দা, অর্দ্ধেক দেস্‌দিমনা।" আলোচনা কর।

(খ) "যিনি সুকবি তিনিই সুগায়ক, ইহা অতি বিরল।" 'গীতিকাব্য' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিচার কর।

(গ) "উভয়েই ঋষি-পালিতা, দুইটিই বনলতা—দুইটিরই সৌন্দর্য্যে উদ্যানলতা পরাভূতা।" আলোচনা কর।

## গ—বিভাগ

( মূল্যাঙ্ক : ১০ )

৭। মহাবিদ্যালয় আয়োজিত গ্রন্থমেলায় যোগদান করার জন্য আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধু/বান্ধবীকে একখানা পত্র লেখ। ১০

*অথবা*

তোমাদের একটি বেসরকারী সংস্থা (NGO) আছে, যার মাধ্যমে কিছু সংখ্যক দুস্থ মানুষের সাহায্য কর। সম্প্রতি অর্থের অভাব হওয়ায় এই সংস্থার জন্য আর্থিক সাহায্য চেয়ে জেলা উপায়ুক্ত (Deputy Commissioner) মহাশয়ের কাছে একখানা আবেদন-পত্র লেখ।





## ঘ—বিভাগ

( মূল্যাঙ্ক : ১০ )

৮। যে-কোন একটি বিষয়ের উপর প্রবন্ধ রচনা কর : ১০

(ক) বর্তমান মূল্যবৃদ্ধি এবং সাধারণ জীবনধারা

(খ) দেশ, সমাজ ও জাতি গঠনে সাহিত্য

(গ) আধুনিক জীবনে ইন্টারনেট (Internet)-এর ভূমিকা

(ঘ) বিভিন্ন খেলাধূলা এবং শরীরচর্চার প্রয়োজনীয়তা

## ঙ—বিভাগ

( মূল্যাঙ্ক : ২০ )

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

৯। (ক) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসের নায়ক কে তা বিচার কর। ১২

*অথবা*

দেস্‌দিমনা চরিত্রটি আলোচনা কর।

(খ) "গীত মনুষ্যের এক প্রকার স্বভাবজাত। মনের ভাব কেবল কথায় ব্যক্ত হতে পারে, কিন্তু কণ্ঠভঙ্গীতে তাহা স্পষ্টীকৃত হয়।" তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

(গ) শাহজীর মৃত্যু এবং অন্নদাদিদির মানসিক প্রতিক্রিয়া বর্ণনা কর। ৪

★★★